এই বে বেখানে লেখা আছে ছ' ঘণ্টা করে ফর মোর দ্যান সিক্স আওয়ার্স ইন এনি ডে তারপর রুস্ট পাবে, আমার মনে হয়, সিক্স আওয়ার্স এবং হাফ-এ-ডে, যা ধরে নিয়েছেন, সেটা ফাইড আন্ত হাফ আওয়ার্স করলে ভাল হয়। আটে এ স্ট্রেচ আই ডি আক্টে-এ পাঁচ ঘণ্টা খাটান হয় গনিবারে। আমি সেখানে সাড়ে পাঁচ ঘণ্টা রাখতে যাছি। দ্যাট ইজ মাই আমেন্ডমেন্ট।

Shri Copal Baneriee:

নার, আফার এটা মুভ করে কোন লাভ হবে না, মিনিস্টার যথন আগেরটা আকেসেপ্ট কর**লেন না।** মাগের মত এটাও একই প্রভিশান।

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that in clause 7,-

- (1) the words "for public entertainment or amusement", wherever they occur, be omitted; and
- (2) in sub-clause (2) for the words "nine hours in any one day", the words "eight hours and a half in any one day or for more than forty-eight hours in any one week or after the hour of closing of such establishment" be substituted,

was then put and agreed to.

The motion of Shri Nikhil Das that in clause 7(2), line 3, for the words unine hours' the words 'eight hours and a half inclusive of one hour's est' be substituted, was then put and lost.

The motion of Shri Nikhil was that in clause 7(3), line 3, for the words "six hours" the words "five hours and a half" be substituted, was then put and lost.

The question that clause 7, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 8 and 9

The question that clauses 8 and 9 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 10

Shri Somnath Lahiri: I move that the following be added after clause 9(b), namely:—

"(c) in any hotel, restaurant, eating house or cafe without a special permit from the Commissioner of Police or the Superintendent of Police. Such permits may be issued only after the officer

concerned is satisfied through proper enquiry that such women are not being or are not likely to be used for prostitution or any other immoral purpose."

এখানে বেসমন্ত বিষয়ের উপর আামেন্ডমেন্ট এসেছে, আমার আ্যামেন্ডমেন্টটি তার মধ্যে স্বভন্দ ধরনের। আমার আ্যামেন্ডমেন্টটি হচ্ছে—আপনারা বেখানে স্বীলোকদের এমন্ত্রার কথা লিখেছেন, সেখানে আমি তাদের এমন্ত্রার না করার কলিভশান দিরেছি, সেখানে আমি একটা ন্তন কলিভশান দিতে চাচ্ছি এই—কোন হোটেলে, রেস্তোরার, ইটিং হাউসে বা কাম্বেতে যদি কোন স্বালাককে নিম্ত্রুক করতে হয়, তাহলে কমিশনার অফ প্লিস বা স্পারন্টেন্ডেন্ট অফ প্লিসের কাছ থেকে স্পেশাল পার্রামট নিতে হবে। তারা যদি এনকোয়ারী করে স্যাটিসফায়েড হন যে. এইরকম মেয়েরা কোন ইম্মরাল পার্পাক্তে বাবহার হবে না, তবেই তারা নিম্বুর্ত্তির পার্রামশান দেবেন। এটা একটা আলাদা সমস্যা। মাননীয় মন্দ্রীমহাশার নিশ্চরই জানেন কলকাতা শহরের বহ্ম জায়গায় হয়ত ও'ছা ধরনের কোন চায়ের দোকানে বা কাফেতে স্বেশা স্বান্ডিক পার্রাজন করা হয়। অনেক দোকানে এইরকম দেখবেন, বোবাজারেও দেখবেন; আশ্রেভাষ মুখাজণী রোডেও দেখতে পাবেন একটা জখন্য চায়ের দোকানে চার-পাঁচজন স্বেত্তা অর্জা করছে। তাদের দিয়ের যে চা সরবরাহ করা হয় তা দেখে মনে হয় না।

লাইটহাউস সিনেমার পিছন দিকে একটা চায়ের দোকানে এইরকম দেখতে পাবেন। খ'্রুল বহু জায়গায় আরও দোকান দেখতে পাবেন, যেখানে এইরকম সন্দেহের কারণ থাকে। সেখানে মেয়েগালির দার্ভাগোর সাথোগ নিয়ে, চা-এর দোকানে, চা সার্ভ করবার নাম নিয়ে তাদের অসং উদ্দেশ্যে ব্যবহার করা হয় আটটার পরে। (দি অনারেবল বিজয় সিং নাহারঃ আমি আটটা কেটে ছয়টা করে দিয়েছি।) যাই করনে, ছ'টা পর্যত্ত যদি দোকান চলে, ঐ দোকানগুলির পারপাজ হচ্চে মেয়েদের নিয়ে লেনদেনের কারবার চালান। এইসমসত সেণ্টারে কি হচ্ছে বা না হচ্ছে সে সম্পূর্ণ শ্বিকট এনকোয়ারী করে, খুব উচ্চপদম্থ প্রালিস কর্মচানিগণ যতক্ষণ পর্যন্ত না স্যাটিসফাইড হচ্ছেন, এদের পার্রায়ট দেওয়া উচিত নয়। স্মানি দেখেছি আশ্তেতাৰ মুখার্জি রোভে একটা এইরকম দোকান, যার মাত্র একশো গজ দারে থানা, এবং সেখানকার থানার অফিসাররা স্বাই এটা জানেন কিন্ত, এর বিরুদ্ধে কোন বাবস্থা অবলম্বন করা হয় নি। বছরের পর বছর ধরে সেখানে এইরকম ভাবে ট্রেড চলেছে। এ বিষয়টা কলকাতার একটা কলগ্র । একসময় কলকাতাতে ম্যাসেভ হাউস ছিল, সেগালির সংবংশ স্বগাত মুখামালী বিধানবাৰ, খবে উচিতভাবে কড়া স্টেপ নিয়েছিলেন: তাই সেগালি বন্ধ হয়েছে। কিন্ত আজকে এটা অন্যভাবে, নৃত্ন ধরনের ইম্মরাল ট্রেড-এর কেন্দ্ স্থাতি হচ্ছে। কলকাতার যত ওঁছা ছোটখাট চায়ের দোকানে মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত দরিদ্র শ্রেণীর পরিবারের মেয়েদের নিয়ে কারবার চালিয়ে, তাদের মধ্যে দনেীতি, ইম মরালিটি প্রবেশ করান হচ্ছে। সেদিকে আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় বিশেষ নজর দেবেন। অবশা, কারও যদি সত্যিকার চাকরি হয়, তা বন্ধ করতে আমি বলছি না। অর্থাৎ পার্রামট দেবার আগে প্রালিস কমিশনার কিংবা এস পি

Police Commissioner or Superintendent of Police as the case may be, ভারা ওপাত করে যদি সাচিসফাইড হন যে যেখানে মেয়েদের নিয়ে ইম্মেরাল পারপাসে ইউজ করা হচ্ছে না, এহলে দোকান অধ্য করে দেবার প্রয়োজন নেই। কিন্তু, এটা করলে, ভরসা হয় যে অনেক ক্ষেত্রে এই ধরনের ট্রেড বাধ্ব করা যাবে।

আমি এ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

The Hon'ble Bejoy Singh Nahar:

মিঃ প্রশীকার, সারে, উনি খ্ব সং উদ্দেশ্য নিয়ে আাদেন্ডমেন্ট দিয়েছেন। কিন্তু, লাহিড়ী মশাই এটা প্রিলস মন্ত্রীকে বললে ভালাহড়। এটা প্রলিসের ব্যাপার। এটা আমার এই বিলের দ্বোপ-এ আদে না। প্রিলস কাকে কাকে পার্রামট দেবে সেটা ব্যবস্থা করে। আর আমাদের হচ্ছে কাকে চাকরি দেবে বা না দেবো। স্কুতরাং এই বিলের মধ্যে এর স্কোপ নেই এবং সেইজন্য আমি এটা প্রচল করতে পার্রাম না।

[1-20-1-30 p.m.]

Shri Kashi Kanta Maitra: Sir, I beg to move that for clause 10, the following be substituted, namely:—

- "10. (1) No young person shall be required or permitted to work in any shop or establishment after eight o'clock post meridiem.
- (2) No woman shall be allowed or permitted to work in any shop or establishment other than a cinema or a theatre after six o'clock post meridiem.".

Sir. I am in agreement substantially with the observations that have been made by my friend, Mr. Lahiri. I suggest that clause 10 should be recast and there should be two sub-clauses (1) and (2). The first sub-clause should be like this: No young person shall be required or permitted to work in any shop or establishment after eight o'clock post meridiem. Then no woman shall be allowed or permitted to work in this way. Sub-clause (2) should be inserted in this way: No woman shall be allowed to work in any shop or establishment other than a cinema or a theatre after six o'clock post meridiem. Because if we say that we impose total prohibition on the employment of women, then it might be that certain persons might come forward and challenge the validity of the Act on the ground of violation of the provisions of article 16 of the Constitution. Therefore, in order to obviate that risk I suggested that regulation may be imposed in this way by saying that "no woman shall be allowed or permitted to work in any shop or establishment other than a cinema or a theatre after six o'clock post meridiem".

The motion of Shri Kashi Kanta Maitra that for clause 10, the following be substituted, namely:—

- *10. (1) No yourg person shall be required or permitted to work in any shop or establishment after eight o'clock post meridiem.
- (2) No woman shall be allowed or permitted to work in any shop or establishment other than a cinema or a theatre after six o'clock post meridiem'.

was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the following be added after clause 10(b), namely:—

"(c) in any hotel, restaurant, eating house or cafe without a special permit from the Commissioner of Police or the Superintendent of Police. Such permits may be issued only after the officer concerned is satisfied through proper enquiry that such women are not being or are not likely to be used for prostitution or any other immoral purpose."

was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 10A

Shri Kashi Kanta Maitra: Sir, I beg to move that after clause 10, the following new clause be inserated, namely:—

"10A. No term or condition of employment in any shop or establishment shall be valid if it requires any woman to remain single or renders her liable to dismissal or removal or discharge or any penalty on her marriage, during or in course of her employment."

B-11

Sir, this clause relates to the restriction on marriage of women employed in shops or establishments. I feel that the Government's attention should be focussed on this matter. I do not mind even if this is not accepted today but I feel that the attention of the House should be focussed on this matter because, Sir, during the last session in reply to one of my questions the Hon'ble Health Minister said that a large number of nurses who were employed by the State Government were removed from service either during the training period or in the course of their employment on the ground of their being married. Sir, this is a fantastic and ridiculous idea. I find there are quite a number of establishments or commercial houses in Calcutta where this clause is inserted in the letter of appointment that 'well, if you are married, if you do not remain single, then you are liable to be dismissed'. I feel that such a clause in the conditions of service is nothing but a prostitution clause, a heinous clause and such conditions should be immediately removed. I appeal to the Hon'ble Labour Minister to apply his mind to this aspect of the matter and to see that no club or establishment or commercial house can insist on such a clause—it should be immediately removed.

The Hon'ble Beloy Singh Nahar:

আমি জানি না বিয়ে করলে চাকরি যায়, আমি এনকোয়ারী করব, কিন্তু এটা আমি এখানে গ্রহণ করতে পারব না।

The motion of Shri Kashi Kanta Maitra that after clause 10, the following new clause be inserated, namely:—

"10A. No term or condition of employment in any shop or establishment shall be valid if it requires any woman to remain single or renders her liable to dismissal or removal or discharge or any penalty on her marriage, during or in course of her employment." was then put and lost.

Clause 11

Shri Nikhil Das: Sir, I beg to move that in clause 11(a), line 2, for the words "fourteen days" the words "twenty-one days" be substituted.

I also beg to move that in clause 11(b), line 1, for the words "half pay" the words "full pay" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, ক্রজ ১১-এ লিভ সম্পর্কে বলা হয়েছে. আমি এখানে মূভ করছি যে, ক্রজ ১১(এ)-তে ১৪ দিনের জায়গায় ২১ দিন করা হোক। (বি)-তে আছে সিক লিভ অন হাফ পে ফর ফোরটিন ডেজ-এখানে হাফ পে তুলে দিয়ে ফুল পে করা হোক। আামেন্ডমেন্টস নং২৮-২৯ সম্পর্কে বলতে গিয়ে আমি ষেকথা বলতে চাই, সেটা হছে, দোকান কর্মচারী যারা বা সিনেমা কর্মচারী যারা, তারা কোন উৎসবের দিনে ছুটি পায় না। উৎসবের দিনগালিতে বেচা-কেনা বেশি হয়। স্তরাং প্রিভিলেজ লিভ যদি না বাড়িয়ে দেওয়া হয়, এবং সিক লিভ অন ফ্ল পে না করা যায়, তাহলে ইনজাম্টিস হবে। এই প্রসম্পে আমি বলতে চাই, র্যাদিও আমরা দেখছি প্রতি ২০ দিনে ১ দিন ছুটি পাছে, আান্ময়াল লিভ সম্পর্কে যদি হিসাব করা যায়, তাহলেও দেখা যায় যে, ১৪ দিনের বেশি হয়—সেদিকে নজর রেখে এর জায়গায় ২১ দিন করা হোক। তারপর, আ্যামেন্ডমেন্ট নম্বর ২৮ এবং আ্যামেন্ডমেন্ট নম্বর ২৯ সম্পর্কে আরেকবার বলতে চাই, সিক লিভ বেখানে প্রোপ্রোজ্ঞ করা হয়েছে, আমি সাব-কুজ বি-তে হাফ পে-র জায়গায় ফ্ল পে করার জন্য বলেছি। আমি মন্ত্রীমহাশয়কে এই দুটো গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

The Hon'ble Bijoy Singh Nahar:

এতগ্রনি অ্যাকসেট করতে পারব না, ছোটবড় দোকান আছে, সব একসপো করতে পারব না।

The motion of Shri Nikhil Das that in clause 11(a), line 2, for the words "fourteen days" the words "twenty-one days" be substituted, was then put and lost.

The motion of Shri Nikhil Das that in clause 11(b), line 1, for the words "half pay" the words "full pay" be substituted, was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

Shri Nikhil Das: Sir, I beg to move that in clause 13, line 5, for the words "one and one-half times" the words "double" be substituted. মাননীয় প্পীকার মহাশয়, ওভারটাইম সম্পর্কে এই ক্রজটা, আমরা দেখছি অন্যানা যে আইন চাল্ আছে তাতে ডাবল ওভারটাইম আছে, সেটা পরে ১॥• হয়েছে, সেটা পালটে ডাবল করা হোক এই হছে আমার আ্যামেন্ডমেন্ট। এই প্রসংগে একটা কথা বলতে চাই, এটা খুব সাংঘাতিক বার্ডেন হবে তা নয়। আমরা বে'ধে দিছি বাই ক্রজ সিক্স (২)(বি)(১) যে, বছরে ১২০ ঘণ্টার বেশি ওভারটাইম হতে পারবে না, ওভারটাইম মাত ১২০ ঘণ্টা আলোট করছি। আমি বলতে চাছি, অন্যানা যেসমস্ত আইন আছে তার সংগে ইন কনফরামটি করে এটা ডাবল করা উচিত, যেখানে বর্তমানে ১॥• হতে যাছে। এতে যে খুব বার্ডেন হবে দোকানদারদের তা নয়। লিভ প্রসংগ্র এখানে একটা কথা বলা দরকার মনে করি যে, আপনারা একজেমণ্ট করছেন যদি এমন কোন দোকানদার থাকে, যদি মালকই দোকানদার, কর্মচারী নাই, সেক্ষেত্রে এই আইনটা আণ্ডলাই করছে। যে দোকানে কর্মচারী আছে, কোন রিলেটিভ নাই, বা নিজে মালিক নয়, সেক্ষেত্রে এটার আণ্ডলক্রিলিটি নাই। এটাতে প্রসা খুব সাংঘাতিক কিছু একটা লাগছে না। অনা সমস্ত আইনের সংগ্রে ইনকনফর্রামিট করার জন্য আমি অ্যাপিল করব ১ই-এর জায়ণায় ভাবল করা হোক।

Shri Gopal Banerjee: Sir, I beg to move that in the Explanation to clause 13, lines 2-4, for the words "on any day declared by notification by the State Government to be a National holiday" the words "on at least seven National and public holidays" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, লিভ সম্পর্কে মন্তিমগাশয় বলেছেন যে, লিভ-এর যে ব্যবস্থা করা হয়েছে সেটা তিনি পরিবর্তন করতে চান না। তব্ও আমি তাঁর দ্বিট আকর্ষণ করতে চাই যে, লিভ-এর বেনিফিট মেডিক্যাল লিভ ইত্যাদি সব মিলিয়ে ৩১ দিন হচ্ছে আমাদের এখানে। তিনি যদি অনানা স্টেটের সঙ্গে কমপেয়ার করেন, তাহলে দেখবেন সেখানে এর চেয়ে বেশি-আচে বা লিভ-এর বেনিফিট অনানা স্টেটের চেয়ে বেটার। আমাদের এখানে ন্যাশনাল গলিওে মাত্র ২ দিন রাখা হয়েছে। এখানে আমি বলতে চাই যে, যদি

at least 7 days national and public holidays.

হিসাবে দেওয়া হয়, তাহলে অ্যাট পার হয় উইথ আদার স্টেটস। তারপর, কর্মচারীদের প্জার কয়টা দিনে অভ্যন্ত বেশি খাটতে হয়। তাই আমি মন্দ্রীমহাশয়কে অনুরোধ কর্বছি ন্যাশনাল আদ্ভ পার্বালক হলিডে যেখানে ২ দিন আছে সেটা ৭ দিন করা হোক।

The Hon'ble Bejoy Singh Nahar:

ন্যার, নিখিলবাব, ১ই-এর জায়গায় ডবল করতে বলেছেন, সেটা আমরা গ্রহণ করতে পারব না।
আমি মাননীয় সদস্যকে একটা কথা মনে রাখতে বলব যে, দোকান অনেকরকম আছে সকলের উপর
যদি একসপ্রে এক জিনিস চাপিয়ে দেওয়া হয় ভাহলে বহু দোকান উঠে যাবে, তাতে কর্মচারীর
নাড হবে না। সেদিকে লক্ষ্য রেখে এই বাবস্থা করেছি যে, যাতে দোকানদারদের কোন অস্ক্রবিধা
না হয়, এবং কর্মচারীয়া যে অবস্থায় ছিল তা থেকে অনেক পরিবর্তন হবে না, সেদিকে লক্ষ্য

রেখে আমরা এটা গ্রহণ করতে পারব না। পার্বালক হলিডে সম্বন্ধে আমি আঙ্গনাকে বলছি যে, বাঙলাদেশে এই আইনের মাধ্যমে যে ছন্টির ব্যবস্থা করা হয়েছে, তাতে অন্যান্য প্রদুেশ থেকে অনেক বেশী আছে। অতএব এটা আর বাড়ান সম্ভবপর নয়। আমি সমস্ত আয়েমণ্ডমেন্টের আপস্তি করছি।

The motion of Shri Nikhil Das that in clause 13, line 5, for the words "one and one-half times" the words "double" be substituted, was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that in the Explanation to clause 13, lines 2-4, for the words "on any day declared by notification by the State Government to be a National holiday" the words "on at least seven National and public holidays" be substituted, was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14

[1-30-1-40 p.m.]

Shri Kashi Kanta Maitra: Sir, as my amendments have been accepted by the Hon'ble Minister, I do not move them.

The Hon'ble Bejoy Singh Nahar: Sir, I beg to move that in clause 14(1), for the words "shall be payable" the words "shall be paid" be substituted.

The motion was then put and agreed to.

Dr. Kanai Lal Bhattacharyva:

আগে নিখিলবাব্র অ্যামেন্ডমেন্টটা আছে; কাজেই তারটাই আগে পেলস করা হবে। মিনিস্টারেরটা আগে পেলস করা হবে কেন?

Mr. Deputy Speaker:

মিনিস্টারেরটাই আগে হবে।

Dr. Kanai Lal Bhattacharyya:

তা কেন হবে?

The Hon'ble Biloy Singh Nahar:

আমি ও'রটা আাকসেণ্ট করতে পারব না, কারণ, ওর ল্যাপ্সোয়েজটা অন্যরকম আছে। ও'রা যদি আনেন, তাহলে আমাকে অপোজ করতেই হবে। ওর ল্যাপ্সোয়েজ-এ একট্র ভূল আছে।

Dr. Kanai Lal Bhattacharyya:

আর্পান তো বাই অর্ডার শ্লেস করবেন।

Mr. Deputy Speaker:

সেম অ্যামেন্ডমেন্ট হলে মিনিন্টারেরটাই আগে শ্লেস করা হবে।

The question that clause 14 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

Shri Nikhil Das: Sir, I beg to move that for clause 15(1), the following be substituted, namely:—

"(1) No person shall after completing six months of continuous services in any shop or establishment have his services terminated, without sufficient cause, and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice and unless he has been paid gratuity at the rate of fifteen days' wages for each completed year of service."

Sir, I also beg to move that clause 15(2) be omitted.

কৃষ্ণ ফিফটিনটা হচ্ছে খ্ব সিরিয়াস কৃষ্ণ, এটার সম্পর্কে মন্ত্রিমহোদয়ের দ্বিট বিশেষভাবে আকর্ষণ করতে চাই, আমার অ্যামেন্ডমেন্ট-এর দিকে। এটা হচ্ছে চাকরী যাওয়ার ব্যাপার, টার্মমনেশান অব সাভিস-এর ব্যাপার। এবং সেখানে টার্মমনেশান অব সাভিস-এর ব্যাপার। এবং সেখানে টার্মমনেশান অব সাভিস-এর ব্যাপার। এবং সেখানে টার্মমনেশান অব সাভিস-সম্পর্কে বলা হচ্ছে যে কৃষ্ণটা আছে যেটকে অমি ঘ্রিয়ে লিখতে বলেছি, সেই কৃষ্ণটায় আছে

"No person shall after completing six months of continuous service in any shop or establishment have his service terminated, without sufficient cause, and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice."

আমার মনে হয় ক্লজ্টার মাধামে আমাদের যে আলোচনা হয়েছিল তাতে এ ধরনের কিছু একটা হয়েছিল যে, যথন টারমিনেশান অফ সার্ভিসটা হবে, তথন কিছু এমন্সায়রা বা ওয়াকাররা পায়. এবং সেই কিছু যদি দিতে হয়, অ্যান্ড শব্দটা যদি উইদাউট সাফিসিয়েন্ট কজ্ব-এর পরে না বসে, তাহলে কিছু দেবার যে স্পিরিটটা এই ক্লজ্ব-এ দেওয়া হয়েছে, সেই স্পিরিটটা থাকে না, স্তরাং যথন আমাদের আলোচনা হয় তথন এই আন্ডেটা দিতে বলেছিলাম।

"Without sufficient cause and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice."

এই আন্ডেটা যদি না থাকে. স্পিরিটটা নন্ট হয়ে যায়। আরো বলতে বলেছিলাম যে, ওযান ইয়ার-এর জায়গায় সিম্ম মান্থস, আমি করতে বর্লোছ, এবং খালি এক মাসের নোটিশ-এর ভায়গাটা বাদ দিয়ে আমি তাদের গ্রাচ্ইটি অন্তত, যেমন একটা লোক ১০ বছর চাকরী করে, সে ১০ বছর চাকরী করলে কেবল ১ মাসের নোটিশ পাবে আর কিছুই পাবে না? আর তার টার্রান্সনেশান অফ সার্ভিস হয়ে যাবে এটাও ঠিক নয়। আমার আমেন্ডমেন্ট-এ যে কথাগুলো বলেছি সেটা ইচ্চে अत्रात देशाव-ठोरक मिस्र भाग्यम कतरण वर्राह, डेटेमाछेठ मार्किमाख्यक कक आम्छ आन्त्रमान्यत িছতরে যে আন্ডটা, সেটা আমি বসাতে বলেছি। এবং মনে হয় মন্তিসভোদয়ের সাথে আমাদের ভ্ৰম আলাপ হয়, তথ্ন তিনি বলেছিলেন লোকগলোৱ চাকরী গেলেও তারা যাতে বেনিফিট পেতে পারে, হঠাং যেন তাদের চাকরী না চলে যায়, এটা টার্রামনেশান-এর ব্যাপার ডিস্রিশাল শাপার নয়। এ টার্রামনেশান অফ সাফিসি-এর ব্যাপার, মিস কণ্ডাক্ট হয়ে সে লোকটা ডিসমিসড় হচ্ছে সে ব্যাপারে নয়, এবং তার মধ্যে ডিফারেন্সগ্লি আমরা স্বাই জানি। মিস কডাই ডিসমিশাল-এর সাথে আর জেনারেল টার্রামনেশান অফ সার্ভিস-এর মধ্যে কি তফাং আমরা সুবাই জান। স্ত্রাং এ কুজটা হচ্ছে, জেনারেলী, টারমিনেশান অফ সাভিস স্প্রুখ এবং টারমিনেশান অফ সাভিস সম্বন্ধে যে জায়গায় জেনারেলী ওয়াকারদের কোন দোষ থাকে না সে জায়গায় বাতে তারা কিছু বেনিফিট পায় সেজন্য একটা অ্যান্ড কস্পেল মোটামাটি সিপরিটটা বেকে যায়। অবশা বাড়তি আমি কিছ, বলৈছি, যেমন তাদের একটা লোক কাজ করে—তার চাকরী চলে গেল। আমি বলেছি ষেমন ধর্ন ১০ বছর একটা লোক কাভ করার পর সেই লোকটার হঠাৎ চাকরী একদিন চলে গেল। নোটিশই কি সেখানে সাফিসিয়েট ? এতদিন যে সেখানে কাজ করলো তার বদলে গ্রাচাইটি-র মতন একটা কিছু ১৫ দিন করে বছরে দেওগা, সে বাবস্থার কথা আমি বলেছি। আমার অ্যামেন্ডমেন্ট-এ তিনটি পরেন্ট আছে, গ্রুক ্রছরের

া সাভিসকে আমি ছ' মাসের কণ্টিনিউয়াস সাভিস করতে বলেছি, এবং এখানে অ্যান্ড একটা বসাতে বলেছি এবং আর একটা যোগ করতে বলেছি, একটা লোকের চার্কার যদি চলে যায়-তার কোন দোষ নেই চাকরী তার চলে গেল এবং সেই জায়গায় সে যত বছর কাজ করেছে ১০. ১৫. ২০. ২৫ বছর সে কাজ করতে পারে এবং তার যদি কোনও দোষ না থাকে তার চাকরী চলে যায়, এবং তাহলে সে কি কিছ.ই পাবে না? এক মাসের নোটিস ছাড়া সে কি কিছ.ই পাবে না? আমি যে গ্লাচুইটির কথা বলেছি ফিফটিন ডেব্রু করে তাদের যেন গ্রাচইটি দেওয়া হয়। এবং যদি আমেন্ডমেন্টগ্রালি নেওয়া হয়, তাহলে ঐ যে সাব-ক্রজ (২)-তে যেটা আছে দ্যাট ইজ রিডাল্ড্যান্ট। ঐ সাব-ক্রজ (২)-টা हरक यामात के आरमण्डमणे-कत याम्प्रिंग यीन याक्रिक कता हत् छाहरल मार-कुछ (३)-ग्रे রিডান্ডান্ট। কারণ, সাব-ক্রন্ত (২)-এ বলা হয়েছে সাফিসিয়েন্ট কন্ত আছে কিনা সেটা বিচার করার জন্য, সতেরা আমার আন্ডটা--- ঐ টকেই যদি নেওয়া হয় তাহলে সাব-ক্রজ (২)-টা দ্যাট ইজ রিডান্ডান্ট, এটা থাকার কোন দরকার করে না। এটাকে অমিট করার কথা আমি বলি। আমরা অনেকগুলি আন্দেন্ডমেন্ট দিয়েছি, আলোচনায় তিনি অনেক গ্রহণ করেছেন, অনেকগুলি মাইনর আাফেয়ার্স ও গ্রহণ করে নিয়েছেন। কিন্তু, দিস ইজ এ ভাইটাল আমেন্ডমেন্ট। লোকের **ठाक**ित करल याद्य, जात रकान रमाष रन**रे, रम** अवस्थात्र जात कार्कीत करल याद्य, जात गाार्ता भिक्षे। থাকবে না : ছোট দোকানের কর্মচারীরা এর মধ্যে সিনেমাও পড়ে যাচ্ছে, বিগ কর্মার্শিয়াল এস্টারিশমেন্ট, পড়ে যাচ্ছে, সব কিছু, পড়ে যাচ্ছে। তার দোষ নেই, এ অবস্থায় তার টার্মানেসান অফ সার্ভিস হয়ে যাচ্ছে এবং এতে তার গ্যারাণ্টি কোথায়? সে জায়গায় আমি বলছি বে, আণ্ড শব্দটা যোগ করে দেওয়া হোক, ঐ প্রভিসান করা হোক, যাতে সে গ্রাচইটি প্রভিশান থাকে। আমি এই খ্যাপিলটা কর্মছ। আমার অনেকগ্রলো আমেন্ডমেন্ট—কোন আমেন্ডমেন্ট নেওয়া হয় নি আমি এই আমেণ্ডমেণ্ট-এর প্রতি মিনিস্টারের দূণ্টি আকর্ষণ করছি যাতে এটা অততঃ নেওয়া इस. याटा लाक्त्र होा हाक्त्रि ना हत्ल यार।

[1-40-1-50 p.m.]

Shri Sambhu Charan Chosh: I move that for clause 15(1), the following be substituted, namely:—

"(1) No person shall after completing twelve months of continuous employment in any shop or establishment have his service terminated without sufficient cause and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice and unless he has been paid gratuity at the rate of fifteen days' wages for each completed twelve months of service."

আমার আমেন্ডমেন্টের মধ্যে

Gratuity at the rate of fifteen days' wages

এটা রাখছি। অর্থাৎ চাকরি যাবার ক্ষেত্রে কর্মচারীদের এই স্ব্যোগ-স্ববিধা দেবার জনা আমি এটা এখানে যোগ করতে চাই। আমি আশা করি মন্দ্রিমহাশয় এই অংশটা বিশেষভাবে বিবেচনা করে গ্রহণ করে নেবেন।

Shri Kamal Kanti Guha: I move that in clause 15(2), lines 16-19, for the words beginning with "pay one month's" and ending with "to be paid" the words "reinstate the person with back wages or the Magistrate shall order for such relief or compensation as deemed proper and fit" be substituted.

আমি আমার আ্যামেন্ডমেন্টে দির্মেছি যে, যার চাকরি চলে গেল সে তার চাকরি যাবার বির্দেশ ম্যাজিন্টেটের কাছে আবেদন করলো। এবং আবেদন করার পর ম্যাজিন্টেট যদি বিচার করে দেখেন যে তাকে অন্যায়ভাবে ছাটাই করা হয়েছে, সেখানে মন্দ্রীমহাশর যে বিল এনেছেন তাতে দেখতে পাছিছ, তাকে এক মাসের কমপেনসেশন দেওরা হবে। এখানে আমার বস্তব্য যে এটা উঠিয়ে

দেওরা ছোক এবং তাকে প্রনির্নরোগ করার ব্যবস্থা করা হোক। অথবা ম্যাজিস্টেট বে পরিমাণ-ক্ষতিপ্রেণ উপযুক্ত মনে করবেন তাই তাকে দেওয়া হোক। ক্ষতিপ্রেণটা ম্যাজিস্টেটের উপর ছেড়ে দেওয়া হোক, কিংবা তাকে প্রনির্নরোগ করার ব্যবস্থা এই আইনের মধ্যে করা হোক।

The Hon'ble Bejoy Singh Nahar:

আমি সব অ্যামেন্ডমেন্টের আপত্তি করছি। এখানে 'অ্যান্ড' বসালে মানেটা অনেক উইক হয়ে যাবে এবং প্রায় উল্টো হয়ে যাবে। এখানে হচ্ছে.

Unless he has been given one month's notice in writing

সেটা হল কন্ডিশান প্রিসিটেন্ট, সেখানে 'আন্ড' বসালে মানেটা উল্টো হয়ে যাবে। বরং 'আন্ড' না বসালে মানেটা খুব ক্লিয়ার হচ্ছে। আমি সেইজন্য এর আপত্তি জানাচ্ছি। আর যেটা শম্ভুবাব, বলেছেন সেখানে 'ওয়ান ইয়ার'ই ভাল হয়, ১২ মান্থস ভাল হয় না।

Shri Nikhil Das:

স্পীকার মহোদয়, আমি আর একটা কথা চিন্তা করতে মন্দ্রীমহাশয়কে অন্বরোধ করি। 'আন্ড' ধদি না থাকে, তাহলে মনে হয় ধদি সাফিসিয়েন্ট কজ থাকে, তাহলে মাত্র এক মাসের দিতে হবে, সাফিসিয়েন্ট কজ না থাকিলে এক মাসের দিতে হবে না। উইদআউট সাফিসিয়েন্ট কজ তাকে ডিসমিস করতে পারবে না সেটা

Unless he has been given one month's notice in writing

থাকলে হয় না, স্যান্ড থাকলে সেটা হয়, সেজনো বলেছি আদত আনলেস হি হাজে বিন গিছন। আন্ড না হলে হয়, যদি সাফিসিয়েন্ট কজ না থাকে, তাহলে এটা দিছে; কিন্তু এমনি যদি ডিসমিস করে দেয় তাহলে কিছু দিচ্ছে না। এই পয়েন্টটা দেখুন। অর্থ একেবারে উল্টো হয়ে যাচ্চে।

The Hon'ble Bejoy Singh Nahar:

আমি তো বলেছি এটা নিতে পারব না। 'আ্যান্ড' না দিলে আলাদা কিছু হবে না: আ্যান্ড দিলে আগে থেকে নোটিশ দিতে হবে সেটার উপর জোর থাকবে না।

Shri Nikhil Das:

স্যার, সেক্ষেত্রে মন্তিমহাশয় এইভাবে ধরতে পারেন,

And unless he has been paid one month's wages.

অথবা

One month's notice in writing or one month's wages in lieu of notice. অর্থাৎ নোটিশ তাকে দিতে হবে, নোটিশ না দিলে এক মাসের মাইনে দিতে হবে। এই দুটো 'অর'-এর মধ্যে আমার কোন ডিফারেন্স নেই।

The Hon'ble Belov Singh Nahar:

সাার, আমাদের দুইজনের ইনটেনশন একই। যে তর্ক তোলা হয়েছে সে সম্পর্কে আমরা আমাদের আইনজীবীদের জিপ্তাসা করেছি। তাঁরা বলেছেন যে, যে পারপাস-এ করেছি তাতে আক্ষত্ত থাকার দরকার নেই।

Dr. Kanai Lal Bhattacharyya:

প্পীকার মহোদয়, আমি মন্দ্রিমহাশায়কে প্রদন করছি, এখানে যে ম্যাজিস্টেট-এর উপর ভার দিয়েছেন সেটা না করে ডিস্টিক্ট জাজ এবং ম্নসিফ-এর উপর ভার দিলে তাতে বাাপারটা লিগালে হত। আমাদের ওয়েজেস আক্টেইতাদি ব্যাপারে যে কমপেনসেশন-এর বাবস্থা আছে তা সাধারণতঃ ডিস্টিক্ট জাজ-এর উপর দেওয়া হয়েছে। এখানে মাজিস্টেট-এর উপরে দিয়েছেন, সেটা কি লিগালে হয়েছে?

The Hon'ble Bejoy Singh Nahar:
মুনসিফ সব জায়গায় থাকে না, সেজন্যে ট্রাইং ম্যাজিস্টেট বলা হয়েছে।

The motion of Shri Nikhil Das that for clause 15(1), the following be substituted, namely:-

"(1) No person shall after completing six months of continuous service in any shop or establishment have his services terminated, without sufficient cause, and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice and unless he has been paid gratuity at the rate of fifteen days' wages for each completed year of service.".

was then put and lost.

The motion of Shri Nikhil Das that clause 15(2) be omitted, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that for clause 15(1), the following be substituted, namely:—

"(1) No person shall after completing twelve months of continuous employment in any shop or establishment have his service terminated without one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice and unless he has been paid gratuity at the rate of fifteen days' wages for each completed twelve months of service."

was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that in clause 15(2), lines 16-19, for the words beginning with "pay one month's and ending with "to be paid" the words "reinstate the person with back wages or the Magistrate shall order for such relief or compensation as deemed proper and fit" be substituted, was then put and lost.

The question that Clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

The question that Clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

Shri Nikhil Das: Sir, I beg to move that after clause 17(2), the following be added, namely:—

"(3) Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay and other Registers as may be specified.".

১৭নং ক্লজে আমার আামেণ্ডমেণ্ট-এ এই কথা আছে—১৭-তে কিছু কিছু ইমপ্র্ডমেণ্ট হয়েছে আগের চেয়ে। এই যে রয়েছে

The register of employees maintained and kept under sub-section (1) may, from time to time, be inspected and signed by the persons employed in the shop or establishment.

এই জায়গায় আমি বলেছিলাম একটা প্রোভিশন করা হোক,

Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay and other registers as may be specified.

কেন বলেছি, আাডিশন করতে যে, অনেক সময় দেখা যায় যে, ওয়াকরি কাচ করছে কিনা, কাজ করে কি না করে, তার কোন প্রমাণ নেই। আমরা দেখেছি একটা লোক কাজ করছে অথচ ডিস-মিসড হয়ে গেলা। আমরা কেস করলাম- মালিক পক্ষ থেকে বলা হ'ল লোকটা কাজ করে না। সেজনে বলাছি, খাতাপত্তপ্রলি যদি ঠিকমত রাখা হয়, ভাহলে সেই লোকটা যে কাজ করছে সেটা ব্যা যেত। আপেয়েণ্টমেন্ট লেটার-এর কথা বলা হয়েছে; কিন্তু আপেয়েন্টমেন্ট লেটার একবার দিয়ে ছেড়ে দিলেন, ভারপর তিন বছর, চার বছর, পাঁচ বছর কাজ করেছে। কিন্তু কাজ যে করেছে ভার প্রমাণ কোথায়? সেজনো যে-কোন একটা রেছেন্টিই ভাদের সই করার জন্য রাখা দরকার।

Shri Sambhu Charan Chosh: Sir, I beg to move that after clause 17(2), the following be added, namely:—

"(3) Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay roll and other registers as may be specified.".

আমি ১৭নং-এ বলেছি ইচ এম লারী ইন এনি সপ এটসেটরা-এর উল্লেশ্য এই যে, আমরা দেখেছি, বিভিন্ন জারগার নিরোগকর্তারা হাজিরা খাতা রাখলেও অনেক ক্ষেত্রে কর্মচারীদের হাজিরা খাতার সই করতে দেওরা হর না। মন্দ্রীমহাশারও এটা জানেন, বিশেষ করে সিনেমাশিলেপ দেখেছি, সেখানে যেসমস্ত সাধারণ প্রমিক কর্মচারী আছেন, মালিকরা ইচ্ছা করেই হাজিরা খাতার তাদের সই করতে দেন না, এবং পে-রোল-এর বাবস্থা এমনই করে রাখেন, যাতে করে কোন কর্মচারীর চাকুরির অবস্থা সম্পর্কে প্রমাণস্ত্র না থাকে।

কোন কর্মচারীর পাঁচ বছরের কর্নটিনিউয়াস সার্ভিস হলেও তাকে পে-রোলে সই করতে দেওয়া হয় না. ভাউচারেও সই করতে দেওয়া হয় না। যারা পার্ট-টাইম ওয়ার্কারস, তালের হো কোন কথাই নাই। তাদের কোন প্রভিডেন্ট ফাল্ডের সুযোগ-সুবিধা নাই। মালিকরা কর্মচারীদের বিশুত করবার জন্য পে-রোল, অ্যাটেন্ডেনস-রেজিন্টার ইত্যাদি নিজেরা রাখেন। কর্মচারীদের তাতে সই করবার স্যোগ দেওয়া হয় না। এ ছাড়া স্পেশালী আরো করা উচিত

Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay roll and other registers as may be specified.
আমি আশা করি মাননীয় শ্রমমন্ত্রীমহাশয় বিষয়টা ভাল করে বিবেচনা করে প্রমিক কর্মচারীদের দ্বার্থে এটা গ্রহণ করবেন।

The Hon'ble Bejoy Singh Nahar:

এই ১৭(২)-তে সই করবার ব্যাপার রয়েছে। কোথায় সই করবে, কিভাবে করবে– সেগ্রাল র লসে -আসবে, এখানে সেটা থাকবার দরকার নাই।

The motion of Shri Nikhil Das that after clause 17(2), the following be added, namely:-

"(3) Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay and other Registers asmay be specified.".

was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that after clause 17(2), the tollowing be added, namely:--

"(3) Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay roll and other registers as may be specified.",

was then put and lost.

The question that clause 17 do stand part of the Bill was then p it and agreed to.

Clauses 18, 19, 20 and 21

The question that clauses 18, 19, 20 and 21 do stand part of the Ball was then put and agreed to.

Clause 22

Shri Syed Abul Mansur Habibullah: Sir, I beg to move that in clause 22(2), lines 2-3, for the words "except upon complaint made by an Inspector appointed under section 19" the words "unless a complaint has been lodged before the Inspector previous to complaint being put before a Magistrate" be substituted.

আমি যে সংশোধন প্রস্তাব দিয়েছি, তাতে অফার বছরা হচ্ছে যে, এখানে এই আইনেব রুজে যা, আছে, তার অর্থ গাঁটারে এই -কোন ভায়োলেশান হলে ইন্সপেস্কার ছাড়া এ বিষয়ে আর কেউ অভিযোগ আনতে পারের না। এর অস্ক্রিরা গঙ্গে-কোন কর্মচারী যওক্ষণ না ইন্সপেস্কারকে তার দ্রবংখা বা গেনালটি সম্পর্কে সম্ভূতী করণে পারছেন, ততক্ষণ এই আইনের স্ক্রিয়া তিনি এইণ করতে পারকোনা। অবস্থাটা দড়িয়েছে এই, তাকে যে সাবস্থানটিভ রাইট দেওয়া হয়েছে, যা প্রসিত্বাল বাবস্থা দেওয়া হয়েছে, তাতে সেটা কেড়ে নেওয়া হয়েছে। আপনি ভান হাতে যা

দিয়েছেন, সেসমস্ত বাঁ-হাতে কেড়ে নিয়েছেন। সমস্ত কিছু কেড়ে নেওরার ব্যবস্থা হয়েছে এবং এই ইন্সপেক্টার বাহাদ্বরকে তা দিয়ে দেওরা হয়েছে। এই করে আমলাতান্দ্রিক ব্যবস্থাটা প্রোন্মান্তায় বজার রাখার নানা ব্যবস্থা এই আইনের মধ্যে রেখেছেন। এইরকমভাবে আমরা প্রতি জারগায় আহত হাছি।

আপনারা জানেন, সেকশান ফাইভে এনকোয়ারীর ভার দেওয়া হয়েছে, স্টেট আয়কুজিশান আইনে জিম চুরির তদন্তের ভার সেটলমেন্ট অফিসার বা রেভেনিউ অফিসারের উপর; যতক্ষণ না তাঁরা অভিযোগ আনছেন, ততক্ষণ সেটা কোর্ট বিচার করেন না। স্কুরাং অভিযোগ আনার যে সাবস্টাানটিভ রাইট কর্মচারীর ছিল, সেটা আর এখন থাকছে না, একমান্ত সর্বমন্ত ক্ষাতার অধিকারী ইস্সপেক্টার ছাড়া আর কেউ তা আনতে পারবেন না। এই কমপ্লেন্ট সম্বন্ধে ডিপার্ট-মেন্টকে ওয়াকিভাল করবার জন্য আয়েশ্ডমেন্টে স্কুযোগ দেওয়া হয়েছে এই বলে—

Unless a complaint has been lodged before the Inspector previous to complaint being put before a Magistrate.
আমি আামেন্ডমেন্ডে বলেছি, কোর্টের কাছে ম্যাজিস্টেটের কাছে যাওয়ার আগে কমন্পেইন্ট করা হোক ইন্সপেন্টারের কাছে। এই সনুযোগ চাওয়া হয়েছে। টাইম নির্ধারণ করেছি পনের দিনের নোটিশ দিতে হবে। কোনমতেই আইনভংগকারীকে সাজা দেবার জন্য অভিযোগ একমার্ট ইম্পপেন্টারেই আনতে পারবে—এইরকম বিধি থাকা উচিত নয়—যেটা প্রসিডরলি বাবস্থা রেখেছেন।

The Hon'ble Bejoy Singh Nahar:

সারে, মনস্র হাবিব সাহেব যে কথাগুলো বলৈছেন, তাতে মনে হয় সমস্ত আইনটা ভাল করে পড়ে দেখেনি। এ সম্পর্কে লেবার ভিপার্টামেটে ইন্ডাম্মিয়াল ভিসাপউটস আই-এ সব এই রকম ল্যাগ্যুরেজ-এ তার প্রসিভিওর আছে। হয়ত ইন্সপেক্টর নিজে দেখলেন এই রকম হচ্ছে, তখন তিনি তার বাবস্থা করতে পারবেন কিংবা কোন দরখাস্ত এসেছে, তার উপর বিচার-বিবেচনা করে কোটে প্রসিকিউট করা হয় ইন্সপেক্টরের মাধ্যমে। তারপরে গভর্নমেট অর্ডার দেন পিটিশন দেখে। কাজেই সেই অধিকার ক্ষাহ চেছে না। উনি যেটা আমেন্ডমেট দিয়েছেন— Unless a complaint has been lodged before the Inspector. ইন্সপেক্টর যদি গিয়ে দেখেন যে অনায় হচ্ছে, তাহলেও তিনি প্রসিকিউট করতে পারবেন না।

ষতক্ষণ না অভিযোগ আনছেন, ততক্ষণ কোন হেল্প বা প্রটেকশন দেওয়া হচ্ছে না। সেইজন্য আমি তাতে আপত্তি জানাচ্ছি।

The motion of Shri Syed Abul Mansur Habibullah that in clause 22(2),

The motion of Shri Syed Abul Mansur Habibullah that in clause 22(2), lines 2-3, for the words "except upon complaint made by an Inspector appointed under section 19" th words "unless complaint has been lodged before the Inspector previous to complaint being put before a Magistrate" be substituted, was then put and lost.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 23, 24, 25 and 26

The question that clauses 23, 24, 25 and 26 do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bijoy Singh Nahar: I beg to move that the West Bengal Shops and Establishments Bill, 1962, as settled in the Assembly, be passed.

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের থার্ড রিডিং-এর আলোচনা শ্রুর করতে গিয়ে আমার মনে পড়ছে যে এই বিশের জন্য থাঁরা দায়ী ভাগ্ হৈ সংঘরশধ প্রমিক, কর্মচায়াঁ, দোকান কর্মচায়াঁ— তাদের আলোন এবং আমাদের প্রমান্তী মাননীয় বিজয় সিং নাহায়— তাদের আমরা অনেক ধনাবাদ দিয়েছি। কিন্তু একটা ধনাবাদ বাকী আছে বলে মনে পড়লো। সেইটা হচ্ছে—এই বিল সম্পর্কে, অনারেবল বিজয় সিং নাহায়েক বলা যেতে পারে, তিনি এর পিতৃবা। কিন্তু এর আসল পিতা হচ্ছেন আমাদের ভূতপূর্ব প্রমমন্ত্রী আবদ্রর সম্ভার মহাশয়। স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় জানেন সান্তার মহাশয় থখন প্রম্মন্ত্রী ছিলেন তখন প্রথম এই বিল রচিত হয়েছিল। তারপয় নানা রকম কার্যপাতিকে সেই বিল আমাদের সভায় উপস্থিত হতে পারেনি। যাই হোক, সান্তার মহাশয় রে সন্তানকৈ জন্ম দিয়েছিলেন, বিজয় সিং নাহার মহাশয় তাকে প্রতিপালন করে

আমাদের সামনে আজ এনেছেন, সেজনা তাঁকে ধন্যবাদ দিই। কিন্তু বিশেষ করে সান্তার মহাশরকে ধন্যবাদ দেবার উদ্দেশ্য হচ্ছে বর্তমানে কংগ্রেসের শ্বারা ইনি পলিটিক্যাল শেক-এর মধ্যে পড়েছেন। কিন্তু ভাল কাজ করলে মান্য তা ভোলে না।

যাই হোক, এখন এই বিল সম্বন্ধে আমি কিছু বলতে চাই। এই বিলটি আমি সম্প্রণ করি এবং আমরা চাচ্ছি যে যত শীঘ্র সম্ভব বিলটি পাশ হোক, যদিও এই বিলের মধ্যে অনেক কিছা সংশোধন দরকার আছে বলে আমি মনে করি। সেই চেণ্টায় আমি সংশোধনী এনেছি এবং মাননীয় মন্ত্রী বিজয় সিং নাহার মহাশয়ও বলেছেন এই বিলে দোকান কর্মচারীদের ষে একটা দার ণ উপকার হচ্ছে, তা নয়। তিনি বলেছেন বর্তমানে এই বিলে দোকান কর্মচারীদের নান্নতম স্থস্বিধার ব্যবস্থা করতে তিনি চেষ্টা করেছেন। কথাটা সতা। কারণ, দোকান কর্মচারীরা চাকরি করার পরে মাইনে পাবে কি, পাবে না, এই সামান্য আধকারট্বকুও প্রের্ব ছিল না : আজকে এই বিলে তার প্রস্তৃতি হল। কাজেই, কি অবস্থা ছিল দোকান কর্মচারীদের তা এই বিলের ম্বারা স্পণ্ট প্রতীয়মান হয়। বলা যায় তাদের উন্নতিকদেপ, এই বিলে নানেতম প্রচেষ্টা আরম্ভ করলাম। এখন এই বিলের থার্ড রিডিং-এ তার দোষ সম্পর্কে আলোচনাই হচ্ছে প্রধান কথা। আমেন্ডমেন্ট যা নেবার তা হয়ে গিয়েছে। আর এখন কোন নাতনভাবে সংশোধন করার অবকাশ নেই। এখন দেখতে হবে বিল যেভাবে সংশোধিত হল, সেটা কিভাবে প্রযোজা হলে বিলের উদ্দেশ্য সাধিত হবে। একটা জিনিষ শুমানলী মহাশ্য মনে রাখবেন দোকান কর্মচারীদের নানেতম স্বার্থ রক্ষিত করার জন্য এই বিল আমরা আনলাম অনেক দেরীতে। অনা প্রদেশ আমাদের চেয়ে অনেক আগে এনেছে। কাজেই আজকে যখন আমরা তাদের চেয়ে অনেক বেশী দেরীতে আরুভ করলাম তথন এর প্রয়োগ করবার কাজটা অনেক দ্রত্যতিতে চালাতে হবে, তাহলে অনেক প্রদেশের সঙ্গে সমান হতে পারবাে, এবং দোকান কর্মচারীদের অধিকার প্রতিষ্ঠিত করতেও অন্য প্রদেশের সঞ্গে সমান হতে পারবো।

[2--2-10 p.m.]

সূত্রাং প্রয়েগের দিক থেকে প্রথম কথা হল বিলটা যা গাহীত হবে সেটা যাতে দতেগতিতে সর্বক্ষেত্রে প্রয়ন্ত হয় এবং যাতে সেটার লগ্ঘন না হয় তার বাবস্থা মন্তিমহাশয় করনে। আমি জানি না মন্তিমহাশয় বাজারে ঘোরেন কিনা-আমি প্রত্যহ বাজার করি। এখন একটা আইন আছে, দেড় ঘণ্টা ছুটির নিয়ম আছে। কিন্তু এই নিয়ম থাকা সত্ত্তে অনেকেই এটা পালন करतन ना- এजात প্রকৃত উদাহরণ হল ভবানীপরে থানা, তার পাশেই দোকান, কিন্তু তাহলেও নিরম প্রযান্ত হয় না। সাত্রাং আইন থাকলেই মানুষ রক্ষা পায় না। আইনকে দ্রুতগতিতে নিষ্ঠার সংগ্র এবং শৃত্থলাকম্বভাবে প্রয়োগ করার বাকস্থা গ্রহণ করলে তবে সেই আইন কার্যকরী হয়। আশা করি মন্তিমহাশয় সেই কথা স্মরণ রাখবেন এই বিলটা প্রয়োগের ব্যাপারে। তারপর দেখনে বিলের যেসমুহত ধারা করা হয়েছে, তার একটা অংশ জনস্বার্থ রক্ষা করবার জনা, শ্রমিকদের স্বার্থ রক্ষা করবার জনা। কিন্ত সমস্ত দিকেই লক্ষা বাথা দরকার-ক্রেতা সাধারণের স্বার্থের দিকেও লক্ষা রাখতে হবে। আমরা যদি এমন নিয়ম করি যে, সকাল ৯টার আগে কোন দোকান খুলতে পারবে না তাহলে কলকাতার বহু লোকের অস্টাবধা হবে। এতে করে কলকাতার বহু, অঞ্জের বহু, মানুষের অসুবিধা হবে। কাজেই বিলে যে প্রতিশন করেছেন বিশেষ বিশেষ শ্রেণীর বা বিশেষ কোন ব্যবসার ক্ষেত্রে এই নিয়ম শিথিল কববার ক্ষমতা সরকারের থাকার সেই ক্ষমতা রাখার যে দরকার নাই তা নয়, কিছুটো দরকার আছে, কিল্ড তার জনাই বিশেষ করে এই আইনের আওতা থেকে দোকান বিশেষকে বাদ দেবার যে ক্ষমতা রয়েছে ক্রজ ৪(২)-তে, সেটা সঠিকভাবে প্রয়োগ করতে হবে কারণ যে কথা বিজয়বাস বহুবার বলেছেন সেটা আংশিক সতা, অর্থাৎ এই যে একজেম্পশন তাঁরা দিতে পারবেন, সেটা কিসের থেকে দিতে পারবেন? শুখে কি যাদের সকালে দোকান খোলার পরকার তারা দোকান খালতে পারবে, বেশি সময় খোলা রাখা দরকার তারা বেশি সময় দোকান খোলা রাখতে পারবে—এটা কি শবে এর মধ্যেই সীমারন্ধ থাকরে? তিনি বে ক্ষমতা নিজাছেন তিনি বিস্তীর্ণ ও বাাপকভাবেই নিয়েছেন, কি বিষয়ে? এই যে ক্ষমতা তিনি নিয়েছেন তার মধ্যে বিষয় কি কি? ক্ষমচারীরা नमस में मार्टेरन भारत किमा अ नम्भर्क रा धाता আছে हा देखा केत्रल अग्रह मां इंटर পারে বিলের মধ্যে এমন বিধানও ররেছে। ক্রাইডেএমের ওভারটাইমের যে হার দেভগুণে পারে

किना जात्रा जाख विश्वय क्रमजात स्वाता श्रयः इस्त भारत किस्वा माख इस्त भारत। जात्रभत সাণ্তাহিক ছুটিছটি৷ এবং অন্যান্য বংসামান্য যেসমুল্ত সূত্রিধা শ্রমিকদের দেওয়া হয়েছে সেগ্রিল ঠিকভাবে বাতে পেতে পারে সেদিক থেকে বিশেষ লক্ষ্য রাখতে হবে। মিলিমহাশয় বলেছেন ৮, ৯ ও ১০ ধারা ছাড়া সমস্ত ধারা এই বিশেষ ক্ষমতার আওতায় আসবে ৫. ৬ ও ৭ ধারা, তারপর ১১নং ধারায় ছ্রটির যে স্বিধা দেওয়া হয়েছে, ইত্যাদি সমুস্ত ধারা এই বিশেষ ক্ষমতার আওতার আসছে. এমনকি সময়মতো মাইনে দেবার যে ধারাটা, সেটাও এর মধ্যে আসছে। এখন আমরা এই'কথা বৃত্তি হৈ, যদি কোন দোকান একটা বিশেষ সময়ে বা উপলক্ষে বেশি সময় খোলা রাখার প্রয়োজন হয়, তাহলে এইসমস্ত ধারাগ্রলি যেরকম আছে ঠিক সেইভাবে প্রয়োগ कर्त्रा यात्र ना—म, उतार आकरक यथन আপনারা প্রয়োগের কথা ভাবছেন, তার জন্য চেন্টা করছেন, जयन िंग्जा करत एम्प्रंट राव अभव वााभारत अमरोत्रत्निंख वायम्था, विकल्भ वायम्था किन्द्र, कत्रा সদ্ভব্দ কিনা. - যদি সম্ভব হয়, তাহলে সেই ব্যবস্থা সরকার যেন গ্রহণ করেন। সাত্রাং এই **পার্ড নির্বা**ডং-এ তার কাছে আমাদের বস্তবা। একটা জিনিস তাঁকে মনে রাখতে হবে যে, এই ষে ব্যাপ্র ক্ষমতা সরকার নিলেন—এখানে মনসূর সাহেব সেই কথা বলেছেন এবং আরো অনেকে মনে করিয়ে দিয়েছেন, সরকার তো একটা অমূর্ত বা বিমূর্ত জিনিস নয়, সরকারের একটা र्माननाती वा जातन चारह. रमरे जातन रन रेन्मरभङ्केत अवर अरे रामव रेन्मरभङ्केत. टाँताउ আমাদের মতো মান্য আমাদের এই মাটির উপর অনেক জিনিস চলে-এই ইন্সপেক্টরদের উপর ব্যাপক ক্ষমতা দিংলন, এই ব্যাপক ক্ষমতা প্রয়োগের ভার ইন্সপেক্টরদের হাতে দিলেন। গভর্ম-কেট-এর কাছে স্পারিশ করবার স্থোগ যখন উপস্থিত হল তখন একশ্রেণীর মালিক, যারা অনাায় সংযোগ গ্রহণ করে তারা এইসমস্ত ইন্সপেক্টরদের উপর চাপ দিতে পারেন। এবং मानिकशक थिएक हाथ अला छौता जानकप्रमा छौत काष्ट्र जान्तप्रमार्थन करतन वा कत्र वाथा হন। স্তরাং শ্রমিকদের প্রতি ক্ষতি করার ক্ষমতা এ'দের আছে। যদি না শ্রমিকদের স্বার্থের দিকে লক্ষা রাখেন, এবং প্রয়োগের ক্ষেত্রে যদি কোথাও চাটি থাকে, তাহলে তারা বানচাল করে দিতে পারে। সতেরাং এদিকে ডিপাটেটমেন্ট এবং স্বয়ং মন্ত্রীমহাশয়কে থ্**ব** কড়া নজর রাখতে হবে যাতে করে যে ন্যাপক ক্ষমতা তাঁরা নিলেন তার অপপ্রয়োগ না হয়ে শুধু প্রয়োগ হতে পারে।

Shri Girish Mahato: স্পীকার মহোদয়

রাজ্যের দোকানগর্নির শৃংখলাবন্ধ পরিচালনা এবং নিয়োজিত কর্মচারীদের স্বার্থরক্ষার প্রয়োজনে নিমন্ত্রণ বাবস্থার প্রয়োজন সতাই আছে। কিন্তু সমস্ত ব্যাপারটা কলকাতার বিশাল বাবসায় ক্ষেত্রের প্রতি লক্ষ্য রেখে করলেই চলবে না। রাজ্যের ছোট শহরগালির ও গ্রামাণ্ডল-গ্রনিরও সকল সংগোব অভানত ক্ষাদ্র দোকান ও দরিদ্র দোকানী জীবনের কথাও আমাদের মনে রাশতে হবে। দিনাদেও যাদের আয় অভান্ত কম তাদের এই নিয়ন্ত্রণ থেকে সম্পূর্ণ মূক্ত রাখা উচিত- এই মাম'দের অভিমত। এই নিয়দ্যণের মূল লক্ষ্য নিয়োজিত কর্মচারীদের স্বার্থ রক্ষা। এটাই এক্মান্ত লক্ষ্য বলা চলতে পারে। স্তেরাং যারা দোকানে কর্মচারী নিয়োগ করে ना- मिलारात मालिक रायशान माकात्मत कमी एमरेमर क्वायत कमा धरे आहेत्मत श्रासा त्र করে দেওরা নিজ্নতই উচিত। একেতো ধনতান্ত্রিক ধারা অনুসূত এই দেশে বহু প**্**জির भागिक वर्ष एमक प्रान्तरमञ्जलक कार्रक एकार्ड एमकाराधानन विकर्द्ध भारर्ष्ट्र मा। अधिनकाव स्ना আশ্রয় নেই বলে প্রায়-অনাহারে থেকেও এইসব ছোট দোকানদারেরা দারিদ্রের প্রতীক এই <u>দোকানগ্রিল আঁকড়ে আছে। শনি রবিবার বড় দোকানগ্রিল যথন কথ থাকবে তথন ছোট</u> দোকানদারগালিকে দোকান চালাবার অধিকার দিলে খানিকটা তাদের আর্থিক সাযোগও মিলবে। कारमा वावन्था शासाम कतरह शाल जन-जीवरानत निक्ति स्कार हात कलाकल किहार घारेख পারে সেগ্রেলর সংক্র ধারণা থাকা প্রয়োজন। শ্রমিক মজার শ্রেণীর লোক যারা দিন আনে দিন খায় সংতাদে দেড় দিন বা শনি রবিবার বন্ধ থাকায় ছোট শহরে বা গ্রামাণ্ডলে তারা অতান্ত অস্ক্রিধের সম্মুখীন হয়েছে। গ্রামে যেখানে একটি দোকান অথবা শহরে যে পাড়ার একটি দোকান, সেখানে দোকান কথ থাকলে দরিদ্র দৈনন্দিন ক্রেতাদের গ্রের্তর অস্ববিধের সম্মুখীন হতে হচ্ছে। সারাদিনের কর্মক্লিম্তির পর ক্ষুধার সময় তাড়াতাড়ি আহারের সামগ্রী কিনে নিয়ে রামা করে যে ক্রমিব্তি করবে তার উপায় নেই। তিন দিনের খাদাসামগ্রী একসংগ্র

কিনে রাখবার সামর্থা তাদের নেই। এইরকম দরিদ্র ব্যক্তিদের সম্পায় ক্ষ্মার দ্বের জন্য প্রাচ্চ বা অন্য পাড়ায় দেকোন খোলা থাকলে সেখান থেকে আহার্য সংগ্রহ করতে প্রাণালত হতে হয় অথবা সব দোকানই শনি রবিবারে একসপ্যে বন্ধ থাকলে অনাহারেই থাকতে হয়। অথবা অত্যাধিক ক্ষতির ম্লো প্রতিবেশীর কাছে আহার্য খণ করে ক্ষ্মার শান্তি করতে হয় অভ্যুক্ত প্র কন্যাদের ম্থে এইভাবে দ্বিট কিছু দিতে হয় অথবা তাদের উপোসী রাথতে হয়। [2-10-2-30 p.m.]

আইনের রচয়িতারা যদিও সাধারণ মান্ষের এইসব দ্ঃথের পরিস্থিতির থেকে অনেক উপরে আছেন।

তব্ও তাদের লক্ষা রাখা উচিত, সাধারণ মান্যের দ্ঃখের জীবন যেন তাদের আইন আরো দুঃখময় না করে।

ছ্টির কার্যকালের সময় দরিদ্র দোকানদারদের অবাধ অধিকার দিলে– প্রতিযোগিতার ক্রেন্ত তারা যেমন খানিকটা নাায়সংগত স্থোগ পাবে তেমনি দৈনদিদন ক্রেতাদেরও এই বাবস্থার ফলে সংকট থেকে বাঁচবার বাবস্থা দেওয়া হবে।

দৈনিক ২৫ টাকা, ৩০ টাকা বা ৫০ টাকা যারা বিক্রি করে অথবা ১০০ টাকার জিনিষ্ট বিক্রম্ব করে, তারাও বিশেষ কিছু লভাাংশ পায় না, এই সব শ্রেণীগুলিকে নিয়ন্ত্রণের বাইরে রাখার বাবস্থা স্মাচীন হবে।

নিত্রত দরিদ্র দোকানদারদের কর্মচারী রাখিবার সংগতি নেই।

ছোট পোকানদার যার। দৈনিক SO160 টাকা বা SO0 টাকার বিক্রয় করে এবং এক- এবংন কর্মচারী রাখে—কর্মচারী বিষয়ে এই নিয়ন্ত্রণ তাদের ওপর বহ*াল রেখে নিজেদের* প্রয়ে সুপত্রত্বরূপী দোকান চালাবার অধিকার তাদের দেওয়াই উচিত হবে।

কৈনিক কত টাকার বিক্রেতাকে পর্যন্ত এই সংযোগ দেওয়া সমীচীন হবে সেটা আ**লোচা** লক্ষার প্রতি দুখ্যি রেখে স্থির করা যেতে পারে।

ত্রে এই নীতি আজ অনুসূত হওয়া উচিত।

খাঁরা সিগারেটের প্যাকেটে দিনাদেত কয়েক টাকা খরচ করেন তাঁরা অত্যাত করভারে জজারিত দরিত্র বংগ্রির পক্ষে বংসরে আর এক টাকা নতুন কর দিতে কি কণ্ট অনুভব করে তা হয়ত বুখতে পার্বেন না।

ধনী-পবিদ্র নির্বিশেষে সমসত দোকানদারদের প্রতি দোকান ফি-এই ন্তন কর ধার্য করা আদৌ সমাচান হচ্ছে না। চারিদিকে দরিদ্র দোকানদারেরা অতাগত ক্ষুপ্র ও আশাংকত হরেছে। আরও আশাংকত হবে—প্রতি তিন বছরে ঐ এক টাকার জনো—এবং ঐ এক টাকাকে আশ্রয় করে ক্রমশই ফি বর্গিত হবে এই আশাংকার জন্যে, এবং সরকারী যোগাযোগের স্তু ধরে অসাধ্য কর্মচার্গির উপক্রয় ও অবৈধ টাক্স আদায়ের রাজস্ব হবে এই গভীর উপক্রয়ার জন্যে।

আর একটি জিনিস মনে রাখতে হবে—দেশের অর্গাণত দরিদ্র ক্ষান্ত দোকানদারদের বাসগৃহও ঐ দোকানট্রুই। স্তরাং তাতে তালা লাগাবার প্রস্তানও উঠতে পারে না এবং এই অবস্থার স্যোগ গ্রহণ করে সরকারী কর্মচারীদের উপদ্রব করার আরও স্যোগও ঘটতে পারে একথাও মনে রাখতে হবে।

সেজনা আজ আমাদের অন্রোধ দরিপ্র দোকানদারদের বাঁচাবার সন্যোগ দিতে এবং তাদের ন্যায়সংগত আশংকাগন্নিকে নিরসন করতে। নিরন্তা বাবস্থাকে উপযুক্তভাবে সরকার পরিবর্তিত কর্ন। সরকার যদি আজ তা না করেন তবে দরিপ্র দোকানদারেরা মনে করবে তাদের নিশ্চিষ্ট করে দিতে এবং পশ্জিবানদের অবাধ ক্ষেত্র দিতেই এই আইনের উল্ভব হয়েছে, এবং দৈনিদন দরিপ্র ক্রেতারা, শ্রমিক, মজ্বেরা মনে করবে তাদের দ্বেধকণ্টের প্রতি সম্পূর্ণ উদাসীন সরকার করিপ্র জনগণের শন্তু।

Shri Haridas Chakravarty:

মাননীয় ডেপ্রটি প্পীকার মহাশয়, এই দোকান কর্মচারী বিলটা বা এখানে উত্থাপিত হয়েছে वा शहरावत कना अथारन राम हम अग्रेत कना श्रथराहे वनराउ हत्र आमार्गत माननीय समामनी স্বার কাছ থেকেই অভিনন্দিত হরেছেন এবং আমার মনে হয় অতানত উপযুক্তভাবেই অভিনন্দিত হয়েছেন। কারণ প্রায় ৮ থেকে ১০ লক্ষ যে দোকান কর্মচারী আমাদের এ রাজ্যে আছে তাদের हार्कात मरकान्छ कान निवस्तावनी हिन ना। अक ১৯৪० मार्ट्यात भरत नीर्च २२ वरमत करते গেছে। এই কয় ক্ছরে তারা অত্যন্ত অসহায়ভাবে জীবনধারণের প্রয়োজনে বিভিন্ন দোকানে তাঁরা কাষ্ণ করেছে এবং কর্মচারী হিসাবে তাদের বেতন, ছুটি ইত্যাদি ব্যাপারে তাদের মালিকদের বা দোকানের মালিকদের দ্বারুম্থ হতে বাধ্য হয়েছেন এবং এ সম্পর্কে তাদের করণীয় কিছুই ছিল না কোন আইনের সেংসান ছিল না বা আইনসম্মতভাবে কোন কিছ, করতে পারত না। যে বিকটি আজকে পাশ হতে চলেছে সেখানে কতকগলো ধারা বিশেষ করে কাজের ঘণ্টা ছটি ইত্যাদি এবং ওভারটাইম-এর যে ধারাটা আছে বিশেষ করে সে সম্পর্কে বলতে গেলে বলতে হর নিশ্চরই তাদের জীবনধারণের যে প্রচেষ্টা এবং যে প্রচেষ্টার লক্ষাস্বরূপ তারা বিভিন্ন দোকানে নিষ্কে আছেন এবং যার মারফতে তারা তাদের জীবনধারণের প্রণালীকে বাঁচিয়ে রেখেছেন তাঁরা निम्ठारे माशय। भारतन এ मन्भर्क ठाएँ मत्मर तिरे। किन्छू आभात मरन रस, रय कातरा আমাদের শ্রম্থারী অভিনন্দিত হয়েছেন তাঁর সে অভিনন্দন আরও বেশি পাওনা থাকলেও আশা করি সে অভিনন্দন তাঁকে দিতে পারব আগামী দিনে-যে আইন তিনি এখান খেকে পাশ করলেন যা আমরা পাশ করছি তার জন্য। মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, আপনার মাধামে তাঁকে এ কথাও বলতে চাই যে, আমরা আগামী দিনে তাঁকে যেন আরও অভিনন্দিত করতে পারি। এ আইনের ধারাগর্মি যখন বাস্তবে রূপায়িত হতে যাবে তখন যাদের লক্ষ্য করে যাদের জীবনের দিকে তাকিয়ে, যাদের সমস্যার দিকে তাকিয়ে এ আইন রচিত হল তাদের উপরে প্রয়োগের ক্ষেত্রে যেন সুযোগস্থাবিধাগুলি পেতে পারেন এদিকে যেন লক্ষা থাকে। তার প্রধান কারণ হিসাবে বলছি যেটা মাননীয় সদস্য হবিবল্লা সাহেব বলেছেন যে, ইন্সপেক্টরদের সম্বন্ধে আমি মনে কার এটা বলা উচিত এবং মাননীয় শ্রমমন্ত্রী নিশ্চয়ই লক্ষ্য রাথবেন কিন্ত একটা আগে তিনি জবাব দিয়েছেন যে, ইন্সপেক্টর মারফত ছিল। একটা সংশোধনীও ছিল হাবিবক্রো সাহেবের তা ছাড়া তাঁরা যদি কোন দরখাস্ত করতে চান তা তাঁরা করতে পারেন। তার **উखरत मान**नीय भ्रममन्त्री वर्रमध्यन रुन, हेन्स्ट्राह्मद्रसम्ब धात्राणे स्त्रत्थ निरंशहे रुन जानन आवश मृत्यागम् विभा एमध्या रल, अर्था९ । তौता एठा कतरूठ भारतनरे, यीम निरक्षता ना कतरूठ भारतन তাহলে ইন্সপেষ্টর গিয়ে ওটা করে দেবেন। কিন্তু দুঃখের বিষয় আমাদের এই সামাজিক পরিবেশে বা বাস্তব অবস্থার দিকে তাকালে আমরা দেখতে পাই যে ইন্সপেষ্টর জীব--র্যারা নাকি আছেন অর্থাৎ আমার যে একটা অভাব হয়েছে—সে অভাব দরে করা প্রয়োজন সে প্রয়োজন আমরা বাঝে করার আগেই আমাদের সে অভাব দরে করার আগেই তারা এগিয়ে এসে সচেন্ট हन अपन घरनात नकीत शून कप भाउता यात्र; वतः अरोत नकीत भन्रात्र तिम १ ५३। यात्र ইন্সপেষ্টরদের দরবারে বহুবার গিয়ে হাজির হওয়া সত্তেও, আর্জি পেশ করা সত্তেও 😁 ঘটনা-গুলি ঠিক সময়মত গিয়ে সরকারী দণ্ডরে পেশ হয় না বা যদি হতে হয় এমন কিছা বাবস্থা ইনন্সপেষ্ট্র মহাশয়ের সংখ্য করার দরকার হয় যেগালি অনেক ক্ষেত্রে তারা করতে সক্ষম হন না তাদের অর্থনৈতিক কারণে, বা ব্রাচবোধের কারণেও। দ্বিতীয় প্রশন হল এই আইনটি কার্যকরী হওয়ার পথে আমার মনে হয় আজকে যে কথাটা বলা দরকার কিছু কিছু তার অভাব থেকে গেল। সে কথাগুলি আমি এখানে সংক্ষেপে বর্লাছ-যে, আগামী দিনে এই আইনটি যখন কার্যকরী হতে যাবে, তখন এদিকে যেন আমরা লক্ষ্য রাখতে পারি এবং বিশেষ করে মাননীয় শ্রমমন্ত্রী যেন লক্ষ্য রাখেন। কর্মচারী প্রভিডেন্ট ফান্ডের পরিকল্পনার আওতায় এদের নেওয়া হল না এই আইনে তার কোন ধারা থাকল না। যেমন এম লায়িজ कोठे देनीअ**९८३**न्स स्कीम रागे आह्य-रागे दानीत जान **এ**ই ৮।১० लक माकान कर्माती न्यारम्थात कातर्ग र्विकश्मा कदावात क्रमण यामत तारे अवः तारे अरे कातर्ग अर्कां वर्ष প্রদান যে তাদের আজ পর্যান্ত যে মিনিমাম ওয়েজ, নানতম মজারী সেটা এই দোকান কর্মচারীদের বেলার আমরা আজও স্বীকৃত করতে পর্মরনি। বদিও ধরনে সিনেমা কর্মকারের ক্ষেত্রে তা দ্বীকৃত হয়েছে, মনে হয় এই বিষয়গুলি সম্পর্কে মাননীয় শ্রমমন্ত্রী যদি তাঁর দুল্টি রাখেন এবং

